ভোরের কাগজ

তারিখ SEP. 10 1999

পৃষ্ঠা ... কলাম ...

# ঢা. বি. জগন্নাথ হলের পুরোনো ভবনগুলো ধসে পড়ার আশঙ্কা

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলের পুরাতন ভবনগুলোর জীর্ণদশা। প্রায়ই ছাদ থেকে খসে পড়ে পলেস্তরা। গতকাল বৃহস্পতিবার হলের গোবিন্দ চন্দ্র দেব ভবনের ১১৮ নম্বর কক্ষের ছাদের একাংশের পলেস্তরা খসে পড়েছে।

গোবিন্দ চন্দ্র দেব (উত্তর বাড়ি) ভবন ছাড়াও জোতির্ময় গুহ ঠাকুরতা (দক্ষিণ বাড়ি) ভবনেরও একই দশা। ভবনের দেয়ালে এখানে সেখানে ফাটল, যেকোনো মুহূর্তে পলেস্তরা খসে পড়ে আহত হতে পারে ছাত্ররা। অনেক কক্ষেরই ছাদ চুঁইয়ে পানি পড়ে। কর্তৃপক্ষের সংস্কারের কোনো উদ্যোগ নেই। শুধুমাত্র পলেস্তরা খসে পড়লে বছরে একবার শুধু সেই অংশটুকু সংস্কার করা হয়।

প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৮৫ সালের ১৫ অক্টোবর মিলনায়তন ধসে পড়ে ৩৯ জন নিহত এবং আরো কয়েকশ আহত হয়েছিল।